# Different Committees

## কমিটি সংক্রান্ত পত্রাবলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ ।

-----

নং-পবি/পম/শা-২সাধারণ(৮৩)/৮৮- ৭২৮ তারিখ :- ২/৭/৮৯ ইং / ১৮/৫/৯৬ বাং

## অফিস আদেশ

অত্র বিভাগের ৯-১০-৮৮ ইং তারিখের ৫০২/সচিব/পবি/পম/৮৮ সংখ্যক আদেশ আংশিক সংশোধন পূর্বক পরিসংখ্যান বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব বাজেটভুক্ত তৃতীয় শ্রেণীর সকল শূন্য পদ সমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরনের জন্য বাছাই কমিটি নিম্নরূপ ভাবে পুণঃ গঠন করা হইল :-

| | | | |
|---|---|---|---|
| ১। | পরিচালক-(১), বি,বি,এস । | - | সভাপতি । |
| ২। | সংশ্লিষ্ট উইং প্রধান, বি,বি,এস । | - | সদস্য । |
| ৩। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, (নিয়োগ শাখা) সংস্থাপন মন্ত্রণালয় । | - | সদস্য । |
| ৪। | বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন-এর একজন প্রতিনিধি । | - | সদস্য । |
| ৫। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-৩) অর্থ মন্ত্রণালয়,। অর্থ বিভাগ । | - | সদস্য । |
| ৬। | উপ-পরিচালক(প্রকাশনা), বি,বি,এস । | - | সদস্য-সচিব । |

২। এই কমিটির দায়িত্ব ও কর্ম পরিধি :-

(ক) পরিসংখ্যান বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব বাজেটভুক্ত তৃতীয় শ্রেণীর সকল শূন্যপদ সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে প্রার্থী/পদোন্নতি যোগ্য ফিডার পদধারী বাছাই এবং সুপারিশ প্রদান ।

(খ) তৃতীয় শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সময়ে অর্থ বিভাগ হইতে জারীকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপণ/অফিস আদেশ এর আলোকে সুপারিশ প্রদান ।

৩। এই কমিটির সংশ্লিষ্ট নিয়োগ কর্তৃপক্ষের নিকট ইহার সুপারিশ পেশ করিবেন ।

৪। অত্র বিভাগের সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এই অফিস আদেশ জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে ।

২/৭/৮৯

(সৈয়দ আবদুর রশিদ)
উপ-সচিব ।

নং-পবি/পম/শা-২/সাধারণ(৮৩)/৮৮-৭২৮ তারিখ :- ২/৭/৮৯ ইং / ১৮/৫/৯৬ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১। সচিব,
বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন ।
২। পরিচালক-(১)/(২), বি,বি,এস ।
৩। উপ-সচিব-(১)/(২), পরিসংখ্যান বিভাগ ।
৪। উপ-সচিব, নিয়োগ/বিবিধ, সংস্থাপন মন্ত্রণালয় ।
৫। উপ-সচিব(ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ ।
৬। সংশ্লিষ্ট উইং প্রধান, বি,বি,এস । (কমিটির সকল সদস্যকে অবহিত করার অনুরোধসহ)
৭। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব(নিয়োগ), সংস্থাপন মন্ত্রণালয় ।
৮। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব(ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ ।
৯। উপ-পরিচালক(প্রকাশনা), বি,বি,এস ।
১০। অফিস কপি ।

আব্দুল মতিন ২/৭/৮৯

২.৩

২/৭/৮৯

(এম,এ, বাসার মজুমদার)
সহকারী সচিব ।

খ,আলম/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ফিন্যান্স, এ্যাডমিনিষ্ট্রেশন এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।

নং-বিবিএস/এমআইএস(বিনিক)/৪ডিপিসি-৩(০২৮)/২০০০-                তারিখ ঃ ০২/০৫/০৭ ইং

অফিস আদেশ

বিষয় ঃ **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগীয় নির্বাচন কমিটি-৩ (বিনিক-৩) পুনর্গঠন প্রসঙ্গে ।**

পরিকল্পনা বিভাগের ২৭-০৮-২০০৬ খ্রিঃ তারিখের পরি-১(০২৪৩)/৯২-২১৪ সংখ্যক অফিস-আদেশের যোগসূত্রে অত্র ব্যুরোর বিভাগীয় নির্বাচন কমিটি-৩ (বিনিক-৩) নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির অবস্থান |
|---|---|---|
| (১) | পরিচালক, এসএসটিআই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা। | সভাপতি |
| (২) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বিধি-৫), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| (৩) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (শাখা-৩), পরিসংখ্যান অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়,শেরে বাংলা নগর, ঢাকা। | সদস্য |
| (৪ ) | বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ের একজন প্রতিনিধি। | সদস্য |
| (৫) | উপ পরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্বখাতভূক্ত জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১শ হতে ২০শ গ্রেডের সকল পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর স্কেল/টাইম স্কেল/সিলেকশন গ্রেড স্কেল মঞ্জুরীর সুপারিশ করবে;

(২) কমিটির সুপারিশসমূহ যথাযথ কর্তৃপক্ষ/মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বরাবরে অনুমোদনের জন্য পেশ করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

(এ ওয়াই এম ঐকরামুল হক)
মহাপরিচালক

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(০১) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(০২) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(০৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা ।
(০৪) যুগ্ম-সচিব, পরিসংখ্যান অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(০৫) উপ-সচিব (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(০৬) পরিচালক, ------------------------------------------------------উইং (সকল)/এসএসটিআই, বিবিএস, ঢাকা ।
(০৭) উপ-পরিচালক (প্রশাসন), এফএএন্ডএমআইএস, বিবিএস, ঢাকা।
(০৮) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-৩, পরিসংখ্যান অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(০৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বিধি-৫), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) গার্ড নথি/অফিস কপি ।

৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-বিবিএস/এমআইএস/১প্রশা-১৮১/২০০১- ৪২৮৭ তারিখঃ ২২/১১/০৭ ইং

## অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল প্রকার তথ্য/উপাত্ত বিভিন্ন সরকারী/বেসরকারী/আন্তর্জাতিক সংস্থা এবং ব্যক্তি পর্যায়ে সরবরাহসহ কার্যপরিধিতে উল্লিখিত কার্যাবলী সম্পাদনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা/ কর্মচারীগণের সমন্বয়ে একটি জনসংযোগ সেল {(Public Relation Cell (PRC)} গঠন করা হল ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | দায়িত্ব |
|---|---|---|
| (১) | জনাব মোঃ মীর হোসেন<br>উপ-পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা | সমন্বয়কারী |
| (২) | জনাব মোঃ লুৎফর রহমান<br>সহকারী পরিসংখ্যান কর্মকর্তা<br>ডেমোগ্রাফী এন্ড হেল্থ উইং, বিবিএস, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব মোঃ আকতারুজ্জামান<br>কম্পিউটার অপারেটর, এফএ এন্ড এমআইএস<br>(প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে পদায়িত), বিবিএস, ঢাকা | সদস্য |

০২। কার্য পরিধিঃ

জনসংযোগ সেল (PRC)-এর দ্বায়িত্বাবলী নিম্নরূপ হবে ঃ

(ক) বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করা এবং বিবিএস এর কার্যক্রম সংক্রান্ত সংবাদসমূহ মিডিয়াতে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ;
(খ) নিয়মিতভাবে দৈনিক পত্রিকার পরিসংখ্যান সংক্রান্ত খবর পেপার ক্লিপিং করে মহাপরিচালককে অবহিতকরণ, সংরক্ষণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা ;
(গ) বিভিন্ন উইং/প্রকল্পের প্রকাশনা/জরিপ প্রতিবেদন প্রেস রিলিজ আকারে প্রকাশের ব্যবস্থা করা ;
(ঘ) উইং/প্রকল্পের কর্মসূচী সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ;
(ঙ) 'নিউজ বুলেটিন' প্রকাশনার দায়িত্ব পালন করা এবং বিভিন্ন কর্মসূচী এর ছবি সংগ্রহ করে ডিসপ্লে বোর্ড-এ প্রদর্শন করা ;
(চ) মহাপরিচালক কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন করা ;
(ছ) বিভিন্ন উইং/প্রকল্পের ক্রয় সংক্রান্ত ও অন্যান্য বিজ্ঞপ্তি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা এবং
(জ) ইয়ারবুক, পকেটবুক, মাসিক পরিসংখ্যান বুলেটিন এবং ত্রৈমাসিক পরিসংখ্যান বার্তা, ন্যাশনাল একাউন্টস প্রাক্কলন, মূল্য ও মজুরী সূচক এবং বিভিন্ন অগ্রিম রিলিজের নির্ধারিত সংখ্যা বিভিন্ন লাইব্রেরী কর্মকর্তা ও ব্যক্তিবর্গের নিকট সৌজন্য কপি হিসাবে প্রেরণের ব্যবস্থা করা।

০৩। উক্ত সেলে ব্যবহারের জন্য ১টি ক্যামেরা থাকবে ; কৃষি শুমারী প্রকল্প হতে ক্যামেরা গ্রহণকরতঃ সংরক্ষণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করবে ;
০৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে ।

১৭/১২/০৭
(মোঃ শাহজাহান আলী মোল্লা)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

(১) উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা ।
(২) পরিচালক, সেন্সাস/এগ্রিকালচার/ন্যাশনাল একাউন্টিং/কম্পিউটার/ডেমোগ্রাফী এন্ড হেলথ/ইন্ডাষ্ট্রি এন্ড লেবার উইং/ এস.এস.টি.আই, বিবিএস, ঢাকা (প্রয়োজনীয় তথ্য ও বিজ্ঞপ্তি সরবরাহের অনুরোধসহ )।
(৩) প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি শুমারি-২০০৭/আদম শুমারি ও গৃহ গণনা-২০১১/মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন এন্ড ওমেন/হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে/সেম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন পদ্ধতি শক্তিশালীকরণ/জাতীয় হিসাব, মূল্য ও মজুরী পরিসংখ্যান উন্নয়ন/কৃষি দাগগুচ্ছ হালনাগাদকরণ ও সম্প্রসারণ এবং উৎপাদন খরচ জরিপ/অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং/ক্যাপাসিটি বিল্ডিং অব বিবিএস/স্ট্রেনদেনিং ICT ট্রেনিং এন্ড সিস্টেম অব বিবিএস/জিআইএস ম্যাপস প্রকল্প, বিবিএস, ঢাকা (প্রয়োজনীয় তথ্য, বিজ্ঞপ্তি ও ডকুমেন্ট এবং দ্রব্যাদি PRC কে সরবরাহের অনুরোধসহ) ।
(৪) সচিব, মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
(৫) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা ।
(৬) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী জনাব ..................................................................... বিবিএস, ঢাকা ।
(৭) অফিস কপি ।

D:\My Document\office order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
web.www.bbs.gov.bd.

নং-বিবিএস/এমআইএস/১ প্রশা-১৮১/২০০১- ৬৪৫ তারিখ : ২৭/০১/২০১১ খ্রিঃ

বিষয় : অফিসে স্তুপিকৃত মালামাল বিনষ্টকরণ কিংবা নিলামে বিক্রি করার অনুমতি প্রদান প্রসঙ্গে ।

সূত্র : বিবিএস/এমআইএস/১ প্রশা-১৮১/২০০১-৬৫৮৬, তারিখ : ৩০-১২-২০১০ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ০৮-১২-২০০৪ তারিখের বিবিএস/এমআইএস/৫-স্টোর (সঃ)-৬/০১-২৪৫৭ সংখ্যক স্মারকের মাধ্যমে আঞ্চলিক পরিসংখ্যান কার্যালয় ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের অকেজো মালামালসমূহ যা কোনভাবেই ব্যবহার উপযোগী করা সম্ভব নয়, সেগুলো বিনষ্টকরণ কিংবা নিলামে বিক্রয় সংক্রান্ত যে ২ টি কমিটি গঠন করা হয়েছিল তা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করা হল :

(ক) আঞ্চলিক পরিসংখ্যান অফিসের জন্য :

| | | |
|---|---|---|
| ১। | আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা | সভাপতি |
| ২। | জেলা সমাজ সেবা কর্মকর্তা/মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৩। | জেলা নির্বাচন কর্মকর্তা/মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৪। | সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/পরিসংখ্যান তদন্তকারী | সদস্য-সচিব |

(খ) উপজেলা পরিসংখ্যান অফিসের জন্য :

| | | |
|---|---|---|
| ১। | আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা | সভাপতি |
| ২। | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৩। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৪। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য-সচিব |

২৬/০১/১১
(ঘোষ সুব্রত)
যুগ্ম-পরিচালক
ফোন : ৮১২৪০৪১.
ই-মেইলঃ dd3il@bbs.gov.bd.

বিতরণ :

(১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা/পরিসংখ্যান বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা ।
(২) উপ-পরিচালক, ফিল্ড শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা ।
(৩) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা ।
(৪) স্টাফ অফিসার, উপ-মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা ।
(৫) আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা, আঞ্চলিক পরিসংখ্যান অফিস, ..........................(সকল)
(তাঁর অধীনস্থ সকল উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণকে অবগত করানো নিশ্চিত করবেন।
(৬) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ অফিস....................................(সকল) ।
(৭) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা হিসাবরক্ষণ অফিস, ...................................(সকল) ।
(৮) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা ।
(৯) অফিস কপি/গার্ড নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
(www.moestab.gov.bd)

নং- ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০- ৪৫

তারিখ ঃ ১৪ মাঘ, ১৪১৭ বঃ
২৭ জানুয়ারি, ২০১১ খ্রিঃ

পরিপত্র

বিষয় ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ(অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) এর ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি।

সংস্থাপন মন্ত্রণালয়ের ০৬/১১/১৯৯১ খ্রিঃ তারিখের সম/আর-১/এম-১৯/৯১-৩১২(২৫০) নং স্মারকটি বাতিলপূর্বক নিম্নরূপ কমিটি গঠন করা হইল ঃ

(১) ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব/অতিরিক্ত সচিব | সভাপতি |
| ২। | সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব/সম পর্যায়ের কর্মকর্তা | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

L Establishment

(২) দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | সভাপতি |
| ২। | সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপ-সচিব/সম পর্যায়ের কর্মকর্তা | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসাবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

(ই) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্মকমিশনের পরামর্শ নিষ্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

২। অনুচ্ছেদ ১(১) ও ১(২) মতে গঠিত কমিটিতে সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন নাই। শুধুমাত্র অফিস আদেশের অনুলিপি অত্র মন্ত্রণালয়ের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

২৯/১/২০১১

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, .................................................................................. সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্হা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রনালয়(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

Establishment

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্থাপন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা।**
**(www.moestab.gov.bd)**

নং- ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-১৩৮

তারিখ ঃ ১৭ চৈত্র, ১৪১৭ বঃ / ৩১ মার্চ, ২০১১ খ্রিঃ

**পরিপত্র**

**বিষয় ঃ সকল মন্ত্রণালয়/বিভাগ(অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) এর ১ম ও ২য় শ্রেণীর পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ১ম ও ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি।**

সকল মন্ত্রণালয়/বিভাগ(অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) এর ১ম ও ২য় শ্রেণীর পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ১ম ও ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগের বিষয় বিবেচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হইল ঃ

**(১) ১ম শ্রেণীর পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি ঃ**

(ক) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব/অতিরিক্ত সচিব | সভাপতি |
| ২। | সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | সদস্য |
| ৫। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬। | বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৭। | প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব/সম পর্যায়ের কর্মকর্তা | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর /দপ্তরের ১ম শ্রেণীর পদে এডহক ভিত্তিতে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীন বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

চলমান পাতা- ২

**(২) ২য় শ্রেণীর পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ২য় শ্রেণীর পদে নিয়োগ প্রদান বিষয়ক কমিটি।**

(ক) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | সভাপতি |
| ২। | সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৫। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপ-পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬। | বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৭। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপ-সচিব/সম পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর /দপ্তরের ২য় শ্রেণীর পদে এডহক ভিত্তিক সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীন বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

২। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৩১/০৩/২০১১

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ..................................................................................... সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্হা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান বিভাগ
প্রশাসন শাখা
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা।

নং-১০/৪৬/৯৯-পবি-৬- ৫২৫

৩০ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ
তারিখঃ
২৪ মে, ২০১১ খ্রিঃ

সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(পরি)প/৯৮/১৫৮(২০০) তারিখঃ ১১৫/৯৯ এর আলোকে পরিসংখ্যান বিভাগের ২৭/১/২০০৮ তারিখের ১০/৪৬/৯৯-পবি-৬-২৯ সংখ্যক আদেশ মুলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ব্যবহৃত যন্ত্রপাতি (মেরামত অযোগ্য) যেমন ঃ টাইপরাইটার, ফটোকপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রেংকিং মেশিন, এয়ার কন্ডিশনার ইত্যাদি মেশিন অকেজো ঘোষনাকরণ সম্পর্কিত গঠিত কমিটি বাতিল করে নিম্নরূপ কারিগরি কমিটি পুনঃগঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| ০১ | পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস | আহবায়ক |
| ০২ | মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এফএএন্ডএমআইএস উইং(আরডিপি),বিবিএস,ঢাকা। | সদস্য |
| ০৩ | মহাপরিচালক কর্তৃক মনোনীত মালিকানা/ব্যবহারকারী উইং এর ০১ জন কর্মকর্তা | সদস্য-সচিব |

২। কমিটি দায়িত্ব পালনে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১১/৫/৯৯ তারিখের -সম(পরি)প/৯৮/১৫৮(২০০) সংখ্যক স্মারকে যন্ত্রপাতি অকেজো ঘোষনাকরণ ও নিস্পত্তির নীতিমালা যথাযথভাবে অনুসরণ করবে।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে।

২৪/৫/২০১১
মোঃ কামাল উদ্দীন
সিনিয়র সহকারী সচিব
☎ ৮১৮১৩১৫

মহাপরিচালক,
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো,
পরিসংখ্যান ভবন,
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস ।

২। মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এফএএন্ডএমআইএস (আরডিপি), বিবিএস ।